# মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

## 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৫/০১/২০২১ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারীদের কর্মক্ষম করতে কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৩/১২/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | পঠিত ও গৃহীত হল। |
| জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারীদের কর্মক্ষম করতে কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভা কতৃক জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে প্রতি বছর একটি বাজেট রাখা হয় এবং সেই বাজেট অনুযায়ী একটি কর্ম পরিকল্পনা করা হয়। চলতি অর্থ বছর (২০২০-২১) এর তৃতীয় কোয়াটার অর্থাৎ জানুয়ারী-মার্চ কোয়াটারে নারীদের কর্মমূখী প্রশিক্ষণ আয়োজন করার কথা। সভাপতি মহোদয় সভায় চলতি কোয়াটারে কোন কর্মমূখী প্রশিক্ষণের আয়োজন করা হবে কিনা তা মেয়র মহোদয়ের নিকট জানতে চান। মেয়র মহোদয় সভায় বলেন, মেহেরপুর পৌরসভা নারীদের উন্নয়নে অনেক কাজ করে আসছে। বর্তমান পরিষদে ইতি পূর্বে নারীদের সেলাই প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া প্রশিক্ষণ ছাড়াও অনেক অসহায় ও দুস্থ নারীদের সেলাই মেশিন প্রদান করা হয়েছে। তিনি সভায় বলেন কর্ম পরিকল্পনা অনুযায়ী চলতি কোয়াটারে একটি কর্মমূখী প্রশিক্ষণ আয়োজন করা জরুরী। তবে দেশে করোনার যে প্রকোপ চলছে তাতে এরকম প্রশিক্ষণ আয়োজন করা ঠিক | পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন। |

| | | |
|---|---|---|
| | হবে কিনা তা বিবেচ্য বিষয়। তিনি সকলের নিকট অনুরোধ করেন বিষয়টি বিবেচনা করে চলতি কোয়াটারের শেষের দিকে যদি করোনা পরিস্থিতি স্বাভাবিক হয় তাহলে অবশ্যই নারীদের জন্য কর্মমূখী প্রশিক্ষণের আয়োজন করা হবে। তিনি বস্তি উন্নয়ন কর্মকর্তাকে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। তিনি আরোও বলেন সেলাই প্রশিক্ষণ প্রদান শেষে যারা ভালোমত প্রশিক্ষণ শেষ করবে তাদের প্রত্যেককে একটি করে সেলাই মেশিন প্রদান করা হবে। সেই সাথে তারা যদি পোশাক তৈরী করে বিক্রি করতে চায় তাহলে বিক্রয়ের ক্ষেত্রে পৌরসভার পক্ষথেকে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে। | |
| বিবিধ | জনাবা মোছাঃ শিউলী খাতুন, মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, বর্তমানে বাংলাদেশে করোনা ভাইরাসের প্রভাবে গোটা সমাজ বিপর্যস্ত। এই করোনা ভাইরাস থেকে মুক্তি পেতে আমাদের সব থেকে প্রয়োজন সচেতনতা। কিন্তু লক্ষ করা যাচ্ছে আমাদের মাঝে সেই সচেতনতা নেই। এই ব্যাপারে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে তিনি পৌরসভার পক্ষ থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কিনা তা জানতে চান।<br><br>মেয়র মহোদয় বলেন, করোনা ভাইরাসের প্রদুর্ভাবে জাতি আজ বিপর্যস্ত। এই ভাইরাস থেকে মুক্তি পেতে আমাদের স্বাস্থ্যবিধি অবশ্যই মেনে চলতে হবে। তিনি বলেন পৌরসভা হতে প্রথম থেকে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। শহরের বিভিন্ন স্থানে সাবান/হ্যান্ড ওয়াশ দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রতি নিয়ত মাইক দিয়ে প্রচার করা হচ্ছে যাতে পৌরবাসী সচেতন হয়। উঠান বৈঠকের মাধ্যমে সচেতনতা মূলক প্রচারণা করা হচ্ছে। বিনা মূল্যে মাস্ক ও স্যানিটাইজার বিতরণ করা হচ্ছে। এ ছাড়া আগামীতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ঠ সকলের সহযোগিতা কামনা করেন। | পৌর পরিষদ । |

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(হামিদা)**
মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ......................................, সদস্য, নারী ও শিশু কমিটি।

# মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৫/০১/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন | মেয়র, মেহেরপুর পৌরসভা | |
| ২ | জনাবা মোছাঃ আলপনা খাতুন | মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৩ | জনাব মোছাঃ শিউলী খাতুন | মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | শিউলী |
| ৪ | জনাব নুরুল আশরাফ রাজীব | কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৫ | জনাব সৈয়দ মনজুরুল কবীর | কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৬ | মোছাঃ হাসিনা খাতুন | টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা | হাসিনা |
| ৭ | খোন্দকার জাহিদুল হক | বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা | ২৫/০১/২১ |
| ৮ | | | |
| ৯ | | | |